

National Institute of Biotechnology

Ministry of Science and Technology

Government of the People's Republic of Bangladesh
Ganakbari, Ashulia, Savar, Dhaka-1349.

Phone: +88-02-7789458, Fax: +88-02-7789636



ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গণকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯।

ফোন: ৭৭৮৯৪৫৮, ফ্যাক্স: ৭৭৮৯৬৩৬

প্রশিক্ষণ (মধ্যমেয়াদী) সংক্রান্ত তথ্য ও নির্দেশনাসমূহ

১। কোর্স শিরোনাম: Advanced Training on Biotechnology

২। কোর্সের মেয়াদ: ১০ (দশ) দিন।

৩। কোর্সের বিষয়বস্তু:

Biotechnology in Bangladesh & NIB, Basic techniques in Biotechnology, Planning & designing R&D project, Risk analysis and risk management, Laboratory safety and personal hygiene, Intellectual property right (IPR), Genomic & plasmid DNA extraction, RNA extraction & quantification, PCR, RT-PCR, Agarose gel electrophoresis, Restriction enzyme analysis, Cell culture, DNA finger printing & DNA sequencing, Interactive bioinformatics etc.

৪। আসন সংখ্যা: ১৫ (পনের) জন।

৫। কোর্স ফি: ৩০০০.০০ (তিন হাজার) টাকা। মহাপরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি এর অনুকূলে উত্তরা ব্যাংক, ইপিজেড শাখা, গণকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯ বরাবর উত্তরা ব্যাংক এর যেকোন শাখা হতে প্রশিক্ষণ ফি বাবদ ৩,০০০.০০ (তিন হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে অর্ডার সংযোজন করতে হবে। ব্যাংক ড্রাফট/পে অর্ডার নম্বর আবেদন পত্রে উল্লেখ করতে হবে এবং স্ক্যান করে আবেদন পত্রের সহিত ই-মেইলে পাঠাতে হবে। তবে মূল আবেদনপত্র ও ব্যাংক ড্রাফট/পে অর্ডার প্রশিক্ষণে অংশগ্রহণের সময় অবশ্যই সঙ্গে আনতে হবে।

৬। প্রশিক্ষণার্থী নির্বাচন: বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠানসমূহের জীবপ্রযুক্তি/সংশ্লিষ্ট বিভাগ হতে প্রস্তাবিত শিক্ষক/গবেষকের তালিকা অনুযায়ী।

প্রশিক্ষণার্থীদের রেজিস্ট্রেশন ফরম পূরণ পূর্বক স্ক্যান কপি ই-মেইল (hrdnib@gmail.com) এর মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করতে হবে। রেজিস্ট্রেশন ফরম ও এ সংক্রান্ত তথ্যাদি এনআইবি এর ওয়েবসাইট (www.nib.gov.bd) হতেও সংগ্রহ করা যাবে।

৭। আবাসন সুবিধা: প্রশিক্ষণার্থীগণের জন্য আবাসিক ব্যবস্থা রয়েছে। এ ক্ষেত্রে প্রশিক্ষণার্থীগণকে প্রতিদিন ৫০.০০ (পঞ্চাশ) টাকা হারে ভাড়া প্রদান করতে হবে। যে সকল প্রশিক্ষণার্থীগণ আবাসিক সুবিধা গহণ করতে ইচ্ছুক তাদেরকে পূর্ব হতেই আবাসন ব্যবস্থা নিশ্চিত করতে হবে। এনআইবি'তে আগত প্রশিক্ষণার্থীদের জন্য ট্রেনিং ইনস্টিটিউট, পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠান (এইআরই), গণকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা এ আবাসন ব্যবস্থা থাকবে। যে সকল প্রশিক্ষণার্থীগণ প্রশিক্ষণ শুরুর পূর্ব রাত হতে আবাসিক সুবিধা গ্রহণ করতে ইচ্ছুক, তাদেরকে অবশ্যই পূর্বের দিন বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে এইআরই এর ট্রেনিং ইনস্টিটিউট এ উপস্থিত হয়ে আবাসন সুবিধা নিতে হবে।

৮। খাবার ব্যবস্থা: প্রশিক্ষণার্থীগণের জন্য এনআইবি'র ক্যাম্পাসে খাবারের ব্যবস্থা রয়েছে। খাবারের খরচ প্রশিক্ষণার্থীকে বহন করতে হবে। খাবার বাবদ আনুমানিক ২,২০০-২,৫০০ টাকা ব্যয় হতে পারে।

৯। অন্যান্য: অংশগ্রহণকারী সকল প্রশিক্ষণার্থীকে অবশ্যই এপ্রোন সংগে আনতে হবে। প্রশিক্ষণে অংশগ্রহণের সময় প্রশিক্ষণার্থীর সম্প্রতি তোলা এক কপি পাসপোর্ট সাইজের রঞ্জিন ছবি, ব্যাংক ড্রাফট/পে অর্ডার এবং রেজিস্ট্রেশন ফরম এর মূল কপি অবশ্যই সঙ্গে নিয়ে আসতে হবে। প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য এনআইবি'র পক্ষ হতে প্রশিক্ষণার্থীদের কোন প্রকার ভাতাদি প্রদান করা হবে না। প্রশিক্ষণ চলাকালীন প্রশিক্ষণার্থীকে অবশ্যই এনআইবি'র সকল নিয়ম কানুন মেনে চলতে হবে।

প্রশিক্ষণ সংক্রান্ত যোগাযোগ

জনাব হাবিবুন নবী ফরহাদ
লাইব্রেরিয়ান ও বিভাগীয় ইনচার্জ
প্রশিক্ষণ বিভাগ

ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি

মোবাইল- ০১৭৪০-৮৬৫১৯৩; ইমেইল- hrdnib@gmail.com

জনাব কেশব চন্দ্র দাশ

মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও কোর্স পরিচালক
ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি

মোবাইল-০১৭১২৬৮৭২৮৭

ইমেইল- keshob@gmail.com